প্রকল্প অনুদানের গাইডলাইন

সিবিও শক্তিশালী করণ টিকসই [SCFS] প্রকল্প

বাস্তবায়ন: আশার আলো সোসাইটি [AAS]

অর্থায়িত: উইমেন ফান্ড ফর এশিয়া  [WFA]

# ধারনা পত্র প্রদানের জন্য নির্দেশিকা

**এই নির্দেশিকাগুলির উদ্দেশ্য**

এই গাইডলাইনের উদ্দেশ্য একটি রূপরেখা তৈরি করা যাতে করে কমিউনিটি বেসড অর্গানাইজেশন ও নেটওয়ার্ক প্লাটফর্ম গুলো সঠিকভাবে ধারনা পত্র জমা দিতে পারে। প্রদত্ব ফরমেটটি কমিউনিটি বেসড অর্গানাইজেশন ও নেটওয়ার্ক প্লাটফর্ম গুলোকে সঠিকভাবে সংযুক্ত সম্পূর্ণ আবেদন ফর্ম জমা দিতে সহায়তা করবে যাতে করে তারা প্রকল্পের কাজ বাস্তবায়নের অংশীদার হতে পারে।

**এসসিএফএস প্রকল্পের পটভূমি**

আশার আলো সোসাইটি [www.asharalo.org.bd], উইমেন ফান্ড এশিয়ার আর্থিক সহায়তায় সিবিও শক্তিশালী করণ টিকসই [SCFS] প্রকল্প শীর্ষক একটি প্রকল্প শুরু করেছে।

এই প্রকল্প তার কাজ বাস্তবায়ন অংশীদারিত্বের জন্য ৫-টি কমিউনিটি বেসড অর্গানাইজেশন ও ১-টি নেটওয়ার্ক প্লাটফর্ম এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও ছোট অনুদান প্রদান করবে।

যদিও বাংলাদেশে ভাল সংখ্যক যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিও রয়েছে, যার মধ্যে কেউ কেউ সেক্স ওয়ার্কার নেটওয়ার্ক বাংলাদেশ এর সদস্য সংস্থা এবং কেউ কেউ সেক্স ওয়ার্কার নেটওয়ার্ক বাংলাদেশ এর সদস্য সংস্থা হিসাবে তালিকাভুক্ত নয়, তবে বেশিরভাগ ক্ষেত্রে সকল সংস্থাই সক্ষমতার ক্ষেত্রে পিছিয়ে আছে, তেমন কোন কাজ নেই, এমনকি সংস্থাগুলোর রেজিস্ট্রেশন সার্টিফিকেটগুলো রিনিউ করা হয়ে ওঠেনি। এই প্রকল্পের ক্ষেত্রে আশার আলো সোসাইটি এর মূল উদ্দেশ্য হলো সংস্থা পরিচালনা সংক্রান্ত সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরন; যৌথ অ্যাডভোকেসী সক্ষমতা বৃদ্ধি, জেন্ডার ভিত্তিক সহিসংসতা হ্রাসকরন সংক্রান্ত  অ্যাডভোকেসী সক্ষমতা বৃদ্ধি যাতে করে  সিবিওগুলো ভবিষ্যতে ফান্ড মোবিলাইজেশন এবং অপবাদ ও বৈষম্য হ্রাসকরনে ভূমিকা রাখতে পারে।

**এসসিএফএস প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য**

**লক্ষ্য**

বাংলাদেশের রাজবাড়ী, খুলনা, বাগেরহাট, রাজশাহী ও ঢাকা জেলায় কমিউনিটি বেইজড অর্গানাইজেশন (সিবিও) এবং নেটওয়ার্ক প্লাটফর্ম গুলোর নেতৃত্বকে সহযোগীতা করার মাধ্যমে নারী যৌনকর্মীদের অধিকার ও মর্যাদা রক্ষার পরিবেশ গড়ে তোলা।

**নির্দিষ্ট উদ্দেশ্য**

**উদ্দেশ্য-১:** পাঁচটি সিবিওকে নিবন্ধন নবায়ন করনে কারিগরি সহায়তা প্রদান ও সংস্থা পরিচালনা সংক্রান্ত প্রশিক্ষনের মাধমে তাদের টিকসই ভবিষ্যত ও বলিষ্ঠ নেতৃত্বে দানে সক্ষম কওে তোলা।

**উদ্দেশ্য-২:** কমিউনিটি স্কোয়াড গঠনের মাধমে জিবিভি লিডারশীপ গঠন ও জিবিভি ক্রাইসিস ব্যাবস্থাপনা নিশ্চিতকরন।

**উদ্দেশ্য-৩:** জাতীয় ও স্থানীয় সুশীল সমাজ, অ্যাক্টিভিস্ট এবং স্টেকহোল্ডারদের মধ্যে সহযোগিতা এবং নেটওয়ার্কিংয়ের মাধ্যমে জাতীয় পর্যায়ে সামাজিক ন্যায়বিচার, সমতা এবং মানবাধিকার প্রসারের নীতিগুলিকে প্রভাবিত করার জন্য অ্যাডভোকেসি প্রচেষ্টায় জড়িত হওয়ার সক্ষমতা বৃদ্ধিতে কারিগরী সহায়তা প্রদান।

**উদ্দেশ্য-4:** সিবিওগুলোর কাজের সাফল্যের উপর মিডিয়া বিশ্লেষণ করন ও তা সম্প্রচারের মাধ্যমে অর্থদাতা সংস্থাগুলোকে আকৃষ্ট করন।

**পার্টনারশীপ প্রক্রিয়া**

১.    কারিগরী সহায়তা প্রদান সংক্রান্ত কার্য: ক্ষুদ্র অনুদান ।

২. জিবিভি ক্রাইসিস ব্যাবস্থাপনায় কমিউনিটি স্কোয়াড: ছোট অনুদান প্রক্রিয়া -১।
৩. পলিসি অ্যাডভোকেসী: ছোট অনুদান প্রক্রিয়া -২।

**প্রকল্প-বাস্তবায়ন পদ্ধতি**

আশার আলোর সোসাইটির নিবিড় পর্যবেক্ষন ও হাতে-কলমে কাজ শেখানোর মাধ্যমে কমিউনিটি বেইজড অর্গানাইজেশন (সিবিও) গুলো প্রকল্পের কাজগুলো বাস্তবায়ন করবে। কমিউনিটি বেইজড অর্গানাইজেশন (সিবিও) কর্তৃক সম্পাদিত কাজগুলো সফলতা বিভিন্ন সামাজিক, প্রিন্ট এবং ইলেকট্রনিক মিডিয়া কভারেজ নিশ্চিত করা হবে।

**প্রকল্প কাজের ধারনা**

১. **ক্ষুদ্র অনুদান প্রক্রিয়া:** প্রশিক্ষণে অংশগ্রহন, নিবন্ধন নবায়ন; গঠনতন্ত্র ও সেবা বিধিমালা প্রণয়ন; নির্বাহী কমিটিকে কার্যকর করন এবং বার্ষিক সাধারণ সভা বাস্তবায়ন, যৌথ অ্যাডভোকেসি, ইত্যাদির আয়োজন করা।
২. **ছোট অনুদান প্রক্রিয়া-১:** কমিউনিটিকোয়াড গঠনের মাধ্যমে জিবিভি লিডারশিপ তৈরিকরন এবং জিবিভি ক্রাইসিস ব্যবস্থাপনা বাস্তবায়ন করন।
৩. **ছোট অনুদান প্রক্রিয়া-২:** সুশীল সমাজ, অ্যাক্টিভিস্ট এবং স্টেকহোল্ডারদের মধ্যে সহযোগিতা এবং নেটওয়ার্কিংয়ের মাধ্যমে জাতীয় পর্যায়ে সামাজিক ন্যায়বিচার, সমতা এবং মানবাধিকারপ্রচারের নীতিগুলিকে প্রভাবিত করার জন্য গোলটেবিল বৈঠক এবং টিভি টক-শো আয়োজন করা।

**ফান্ড ডিসবারসমেন্ট পদ্ধতি:** নির্বাচিত পার্টনারগনের কাজ বাস্তবায়নে ইভেন্ট কনসেপ্ট নোটের অনুমোদনের ভিত্তিতে ৭০% ফান্ড ছাড় প্রথমে দেয়া হবে এবং ইভেন্ট সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে বাজেটের বাকী ৩০% প্রদান করা হবে। আশার আলো সোসাইটি প্রয়োজনীয় ধারনা-প্রত্র, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরী করনে কারিগরী ও ফ্যাসিলিটেশন সাপোর্ট প্রদান করবে।

**কর্ম-এলাকা**

- ক্ষুদ্র অনুদান: রাজবাড়ী, খুলনা, বাগেরহাট ও রাজশাহী
- ছোট অনুদান -১: ঢাকা
- ছোট অনুদান -২: ঢাকা

**আবেদনকারী এর কমিউনিটি বেইজড অর্গানাইজেশন এর প্রয়োজনীয় যোগ্যতা-সমূহ**

[ক্ষুদ্র অনুদান]

- সরকারী কর্তৃপক্ষের কাছ থেকে নিবন্ধনকৃত কিন্তু পুনর্নবীকরণ সম্ভব হয়নি বিগত বছর গুলোতে এমন সিবিও।
- সেক্স ওয়ার্কার নেটওয়ার্ক এর আওতাভুক্ত সংগঠনগুলো অগ্রাধিকার পাবে।
- সেক্স ওয়ার্কার নেটওয়ার্ক এর নির্বাহী কমিটির সদস্য এমন ব্যক্তি কর্তৃক পরিচালিত সিবিও এই ফান্ডের জন্য বিবেচনা করা হবে না।
- সিবিও এর অবশ্যই অনুমোদিত কমিটি থাকতে হবে [ইসি এবং সাধারণ কমিটি]
- সিবিওগুলির স্থানীয় পর্যায়ে কমিউনিটি মোবিলাইজেশন কাজের নুন্যতম অভিজ্ঞতা থাকতে হবে।
- উল্লোখিত ভৌগোলিক এলাকায় নিবন্ধিত হতে হবে এবং সেই এলাকায় কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
- সিবিও এর নামে ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে যেখানে ন্যূনতম দুটি ভিন্ন স্বাক্ষরকারী থাকবেন।
- লিড এজেন্সি [আশার আলো সোসাইটি] সাথে কাজের প্রস্তাবনা যৌথভাবে তৈরীতে আগ্রহী থাকতে হবে।
- ফান্ডের যথাযথ ব্যাবহার নিশ্চিত করন সাপেক্ষে কাজ প্রদত্ব সময়ের মধ্যে শেষ করার আগ্রহ ও সময় মত প্রতিবেদন প্রদানে প্রত্যয়ী হতে হবে।

**[ছোট অনুদান-১]**

- মহিলা যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিও যা সরকারী কর্তৃপক্ষ [সমাজকল্যাণ / মহিলা ও শিশু বিষয়ক] থেকে নিবন্ধিত।
- মহিলা যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিও যার জেন্ডার বেসড ভায়োলেন্স [জিবিভি] ক্রাইসিস ম্যানেজমেন্টের অভিজ্ঞতা রয়েছে।
- কমিউনিটি স্কোয়াড পদ্ধতির মাধ্যমে জিবিভি ক্রাইসিস ম্যানেজমেন্টের অভিজ্ঞতা রয়েছে এমন মহিলা যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিওগুলিকে প্রত্যাশা করা হচ্ছে।
- মহিলা যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিও যাদের যৌনকর্মী সম্প্রদায়ের জন্য অন্যান্য প্রোগ্রাম বাস্তবায়নের অভিজ্ঞতা রয়েছে ন্যূনতম ২ বছর।
- মহিলা যৌনকর্মী নেতৃত্বাধীন সিবিও যাদের কর্মী পরিচালনার অভিজ্ঞতা রয়েছে এবং সাংগঠনিক পর্যায়ে বা প্রকল্প স্তরে ন্যূনতম কর্মী কাঠামো রয়েছে।
- উল্লেখিত ভৌগোলিক এলাকায় কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।
- সিবিও এর নামে ব্যাংক অ্যাকাউন্ট থাকতে হবে যেখানে ন্যূনতম দুটি ভিন্ন স্বাক্ষরকারী থাকবেন।
- লিড এজেন্সি [আশার আলো সোসাইটি] সাথে কাজের প্রস্তাবনা যৌথভাবে তৈরীতে আগ্রহী থাকতে হবে।
- ফান্ডের যথাযথ ব্যাবহার নিশ্চিত করন সাপেক্ষে কাজ প্রদত্ব সময়ের মধ্যে শেষ করার আগ্রহ ও সময় মত প্রতিবেদন প্রদানে প্রত্যয়ী হতে হবে।

**[ছোট অনুদান -২ ]**

- নেটওয়ার্ক প্ল্যাটফর্ম যাদের সরকারী কর্তৃপক্ষ থেকে আপডেটেড রেজিস্ট্রেশন সার্টিফিকেট আছে।
- জাতীয় পর্যায়ে অ্যাডভোকেসির অভিজ্ঞতা আছে।
- মিডিয়া এডভোকেসির অভিজ্ঞতা আছে।
- কমপক্ষে গত ২ বছর ধরে যৌনকর্মী সম্প্রদায়ের জন্য অন্যান্য প্রোগ্রাম বাস্তবায়নের অভিজ্ঞতা আছে।
- কর্মী পরিচালনার অভিজ্ঞতা আছে এবং সাংগঠনিক পর্যায়ে বা প্রকল্প পর্যায়ে ন্যূনতম কর্মী কাঠামো আছে।
- উল্লেখিত ভৌগোলিক এলাকায় কাজ করার অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার পাবেন।
- নেটওয়ার্ক প্ল্যাটফর্ম এর নামে ব্যাংক অ্যাকাউন্ট আছে যেখানে ন্যূনতম দুটি ভিন্ন স্বাক্ষরকারী আছে।
- লিড এজেন্সি [আশার আলো সোসাইটি] সাথে কাজের প্রস্তাবনা যৌথভাবে তৈরীতে আগ্রহ আছে এমন নেটওয়ার্ক প্ল্যাটফম প্রত্যাশিত।
- ফান্ডের যথাযথ ব্যাবহার নিশ্চিত করন সাপেক্ষে কাজ প্রদত্ব সময়ের মধ্যে শেষ করার আগ্রহ ও সময় মত প্রতিবেদন প্রদানে প্রত্যয়ী হতে হবে এমন নেটওয়ার্ক প্ল্যাটফম প্রত্যাশিত।

**উপরে উল্লেখিত যোগ্যতার ভিত্তিতে যে কোন একটি অনুদানের জন্য ১টি সংস্থা আবেদন করতে পারবে।**

**অনুদানের ধরন ও আকার**

| অনুদানের ধরন | অনুদানের আকার |
|---|---|
| ক্ষুদ্র অনুদান | ২৩৯,২৬০ টাকা [৪ টি সিবিও এর জন্য] |
| ছোট অনুদান - ১ | ৪৩৩,১০০ টাকা |
| ছোট অনুদান - ২ | ৪৫০,০০০ টাকা |

**প্রকল্পের সময়কাল: এক বছর**

**আবেদন প্রক্রিয়া**

- সিবিও / নেটওয়ার্ক প্ল্যাটফর্মকে অবশ্যই নির্দিষ্ট সময়সীমার মধ্যে একটি ধারণা পত্র জমা দিতে হবে। একটি ধারণা পত্র টেমপ্লেট এখানে উদাহরণ হিসাবে সংযুক্ত করা হয়েছে।
- নির্দেশিকা এবং বিজ্ঞাপন অনুযায়ী ধারনা পত্র নির্দিষ্ট ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে [conceptnotescfs@gmail.com]

- ধারনা পত্রে প্রদত্ব যোগ্যতার মানদণ্ড ও গাইডলাইনে উল্লিখিত স্কোর ব্যবহার করে ধারনা পত্রের মূল্যায়ন করা হবে
- একটি কমিটি দ্বারা সম্পূর্ণ আবেদন ফর্মগুলি মূল্যায়ন করা হবে
- সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদের জন্য সক্ষমতা যাচাই পূর্বক নির্বাচিত সিবিওগুলোকে সাথে নিয়ে যৌথভাবে কাজের প্রস্তাবনা তৈরী করা হবে।
- আবেদন প্রত্রের সাথে আবেদনকারী সিবিও তাদের রেজিস্ট্রেশন সার্টিফিকেট ও ব্যাংক একাউন্ট সংক্রান্ত তথ্য [যেমন: একাউন্ট এর নাম, একাউন্ট এর নাম্বার, ব্যাংক এর নাম, ব্যাংক শাখা ও রাউটার নাম্বার] সংযুক্ত করবেন।

**ধারনা পত্র জমা দেওয়ার প্রক্রিয়া**

- আগ্রহী সিবিও/নেটওয়ার্ক প্লাটফর্ম গুলোকে প্রদত্ব ইমেইল ঠিকানায় [conceptnotescfs@gmail.com] ধারনা পত্র জমা দিতে হবে।
- ই-মেইলের বিষয় হতে হবে অনুদান [ক্ষুদ্র, ছোট অনুদান-১, ছোট অনুদান-২] (উদাহরণস্বরূপ, ক্ষুদ্র অনুদানের জন্য ধারনা পত্র - সিবিও এর নাম অথবা ছোট অনুদান-১ এর জন্য ধারনা পত্র - সিবিও এর নাম ]
- ভাষা: সিবিও/প্লাটফর্ম গুলোকে বাংলায় ধারনা পত্র জমা দিতে অনুরোধ করা হচ্ছে।
- ধারনা পত্র ৩ পৃষ্ঠার বেশি হবে না।

আগ্রহী সিবিও /নেটওয়ার্ক প্লাটফর্ম আবেদন সংক্রান্ত প্রশ্ন পাঠাতে পারবে প্রদত্ব ইমেইল ঠিকানায় [conceptnotescfs@gmail.com] আগামী ৫ই সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত। ৬ই সেপ্টেম্বর ২০২৩ তারিখ এর মধ্যে সকল প্রশ্নের উত্তর ই-মেইল মারফত প্রদান করা হবে।

**ধারনা পত্র জমা দেওয়ার তারিখ: ১০ই সেপ্টেম্বর, ২০২৩**

**ধারনা পত্র মূল্যায়ন:**

| ব্যক্তি | স্কোর |
|---|---|
| সিবিও / প্ল্যাটফর্মের সংক্ষিপ্ত বিবরণ | ১০ |
| সিবিও/প্লাটফর্মের লক্ষ্য ও উদ্দেশ্য | ০৫ |
| সিবিও/প্লাটফর্মের কাজের বিবরণ | ১০ |
| প্রস্তাবিত কাজ ও প্রস্তাবিত কাজ সংক্রান্ত অভিজ্ঞতা এবং কাজটি কেন করা প্রয়োজন | ০৫+০৫+০৫ = ১৫ |
| **মোট স্কোর** | ৪০ |

**ধারনাপত্র প্রদানের ফর্ম**

| | |
|---|---|
| **আবেদনকারীর সিবিও এর নাম** | |
| **প্রস্তাবিত প্রকল্পের নাম** | |
| **প্রস্তাবিত অনুদানের ধরন** | ক্ষুদ্র অনুদান<br>ছোট অনুদান -১<br>ছোট অনুদান -২ |
| **প্রস্তাবিত জেলা** | রাজবাড়ী জেলা<br>খুলনা জেলা<br>বাগেরহাট জেলা<br>রাজশাহী জেলা<br>ঢাকা জেলা [উত্তর ও দক্ষিন সিটি কর্পোরেশন শুধু মাত্র] |
| **প্রস্তাবিত কাজ** | |
| **প্রস্তাবিত কাজটি কেন করা প্রয়োজন?** | |
| **প্রস্তাবিত কাজ সম্পর্কিত অভিজ্ঞতা** | |
| **সিবিও / নেটওয়ার্ক প্ল্যাটফর্মের সংক্ষিপ্ত বিবরণ** | |
| **সিবিও/প্লাটফর্মের লক্ষ্য ও উদ্দেশ্য** | |
| **সিবিও/প্লাটফর্ম বর্তমানে কি ধরনের কাজ করছে বা কি ধরনের কাজের সাথে সংযুক্ত আছে?** | |